



পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী দীপেন দেওয়ানের পদত্যাগ



পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী দীপেন দেওয়ান। ছবি: সংগৃহীত

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন মন্ত্রী দীপেন দেওয়ান। আজ সোমবার (১ জুন) দুপুরে তার এই পদত্যাগের বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন সংবাদমাধ্যমকে (এশিয়া পোস্ট) এই তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানা গেছে, আজ সোমবারই তিনি প্রধানমন্ত্রীর কাছে তার পদত্যাগপত্রটি জমা দেন। চিঠিতে তিনি দায়িত্ব থেকে অব্যাহতি নেওয়ার পেছনে নিজের শারীরিক অসুস্থতাকে প্রধান কারণ হিসেবে উল্লেখ করেছেন এবং পদত্যাগপত্রটি দ্রুত গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আসছে..

LENS ASIA